83

দৈনিক বাংলা

তারিখ 0-9-AUG 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

# যশোরে ক্লাস রুমে ছাদের প্লাস্টার খসে ৫ ছাত্রী আহত

যশোর ব্যুরো ঃ যশোর শহরের পুরাতন কসবা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদের প্লাস্টার খসে ৫ জন ছাত্রী আহত হয়েছে। আহতরা হল জান্নাতুল ফেরদৌস, রেহেনা খানম, সুমনা, সালমা খাতুন ও লাইজু। তাদেরকে যশোর জেনারেল হাসপাতাল ও পুলিশ লাইন হাসপাতালে চিকিৎসা করা হয়। আহতরা চতুর্থ শ্রেণীর ছাত্রী।

স্কুলের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ক্লাস চলাকালীন ওই দুর্ঘটনা ঘটে।